গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০২.২৬.৮৩

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩ / ৪ মে ২০২৬

বিষয়: **মহামান্য রাষ্ট্রপতির বিদেশযাত্রা এবং স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার (Protocol) সংক্রান্ত নির্দেশাবলি।**

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, মহামান্য রাষ্ট্রপতির বিদেশযাত্রা এবং স্বদেশ প্রত্যাবর্তনকালে নিম্নোক্ত ব্যক্তিবর্গ বিমানবন্দরে উপস্থিত থাকবেন:

১) মন্ত্রিসভার একজন সদস্য;
২) ডিপ্লোমেটিক কোরের প্রধান;
৩) স্বাগতিক দেশ/দেশসমূহের মিশন প্রধান;
৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়;
৬) সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় ও রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়; এবং
৭) রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়।

২। উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ১৬ মে, ২০১৭ তারিখের ০৪.৪২৩.০২২.০২.০৯.০০১.২০১১.৫৮ নম্বর স্মারকে জারিকৃত নির্দেশাবলি এতদ্দ্বারা প্রতিস্থাপিত হলো।

৪/৫/২৬

(নাসিমুল গনি)
মন্ত্রিপরিষদ সচিব

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সেনাবাহিনী প্রধান, নৌবাহিনী প্রধান ও বিমান বাহিনী প্রধান।

৩। সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।

৪। মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ।

৫। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর।

৬। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর।

৭। রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়।

৮। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।

৯। মন্ত্রী এবং প্রতিমন্ত্রিগণের একান্ত সচিব।

১০। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

১১। উপসচিব, সরকার গঠন ও রাষ্ট্রাচার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।